



প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল ঢাকার বসুন্ধরায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন-ছবি: পিআইটি

নর্থ সাউথ ভার্সিটির দশক পূর্তি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বিশ্বমানের বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে

ইত্তেফাক রিপোর্ট ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সূচী শিক্ষা অর্জনের জন্য উপযুক্ত পরিবেশের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, আমাদের দেশে শিক্ষাসময়ের কতিপয় ঘটনা মাঝে মাঝে আমাদের ব্যতিত করে। শিক্ষাসময়ে নৈরাজ্য ও পরীক্ষায় নকলের সামাজিক ব্যাধি অনেকাংশে মাথাবে আমরা সক্ষম হয়েছি। আগামীতে এর মূলোৎপাটনে আমরা পুরোপুরি সক্ষম হবো-ইশাভায়া। গতকাল বৃহস্পতিবার দেশের প্রথম স্থাপিত প্রাইভেট বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ ইউনিভার্সিটির ১০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত

(১ম পৃ: পর)

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া অতীত ও বর্তমানে তাঁর সরকারের সকল কর্মসূচীর কেন্দ্রবিন্দুতে শিক্ষার অগ্রাধিকারের কথা উল্লেখ করে বলেছেন, প্রাথমিক স্তর থেকে শুরু করে বিভিন্ন স্তরে শিক্ষা ও প্রশিক্ষণের বিভিন্ন পর্যায়ে এবং নতুন শিক্ষা বিস্তার আমাদের গৃহীত পদক্ষেপ দেশের শিক্ষা বিস্তারের ক্ষেত্রে ইতিহাস হয়ে থাকবে। শিক্ষা ক্ষেত্রে এইসব কর্মসূচী দারিদ্র্যের বাধা ডিঙ্গিয়ে ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়দ্বাৰী করতে ও সহায়ক ভূমিকা পালন করবে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল বসুন্ধরায় নর্থ সাউথ ভার্সিটির ক্যাম্পাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। ১৯৯৩ সালে খালেদা জিয়া এই ভার্সিটির উদ্বোধন করেন। বর্তমানে এ ভার্সিটির ছাত্র-ছাত্রী সংখ্যা প্রায় ৩০০০ জন। নতুন ক্যাম্পাসে ৬ হাজার ছাত্র-ছাত্রীর অধ্যয়নের সুযোগ হবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেন, উচ্চ শিক্ষা প্রসারের বর্তমান সরকারের দৃষ্টিভঙ্গি অত্যন্ত উদার। আমরা সরকারের জন্য উচ্চ শিক্ষার দুয়ার খুলে দিচ্ছি। প্রবৃত্ত হতে চাই বিশ্বায়ন ও মুক্ত বাজার অর্থনীতির চ্যালেঞ্জ মোকাবিলায়। সে কারণেই প্রকৃত মেধাশীল শিক্ষার্থীদের জন্য উচ্চ শিক্ষার দুয়ার উন্মুক্ত রাখতে হবে। জ্ঞান ও শিক্ষার বর্ধিতায়নকে আমরাই সমর্থন দিচ্ছি।

প্রধানমন্ত্রী বলেন, বর্তমান বিশ্ব পরিস্থিতিতে আমাদের ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার জন্য বিশেষ যাওয়ার সুযোগ কমেই সংকুচিত হয়ে আসছে। দেশেই অন্তর্গত মানের শিক্ষার সুযোগ সৃষ্টি করা এখন সব্বই প্রয়োজনীয় হয়ে পড়েছে। আগুনারা উদ্যোগী হোন, দেশে অন্ততঃ একটি বিশ্বমানের বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করুন। আমার ধারণা এই যে, সেরকম একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা গেলে আমাদের এ অঞ্চলের দেশসমূহ থেকেও ছাত্র-ছাত্রীরা এখানে আসবে। দেশে বর্তমানে ৩৭টি বেসরকারী বিশ্ববিদ্যালয় চালু হয়েছে। আর মধ্যে ২৮টি ঢাকাতে এই তথ্য উল্লেখ করে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেন, আমি মনে করি উপযুক্ত পরিবেশে রাজধানীর বাইরে অন্যান্য স্থানেও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন

আছে। বিশেষ করে বিশ্ববিদ্যালয়ের জন্য উপযুক্ত পরিবেশের জন্য উন্মুক্ত ও অনুকূল পরিবেশ ঢাকা শহরে পাওয়া এখন দুস্কর। অপরদিকে উচ্চ শিক্ষার সুযোগ সারাদেশেই ছড়িয়ে দেয়া আবশ্যিক। ঢাকার বাইরে উপযুক্ত পরিবেশে বিশ্ববিদ্যালয় স্থাপনে অগ্রাধিকার হলে সেখানে জমি পাওয়ার ব্যাপারে নতুনো ক্ষেত্রে সরকার থেকে আমরা সাহায্য করবো।

প্রধানমন্ত্রী চলতি ২০০৩ সালকে 'শিক্ষা বর্ষ' হিসাবে ঘোষণার কথা স্বরণ করে প্রত্যাশা করেন যে, চলতি বছর হবে শিক্ষা ও সুস্থ জ্ঞান চর্চার বছর। সুস্থ স্বাভাবিক পরিবেশে আমাদের তরুণ জ্ঞান চর্চার ব্রতী হবে। আন্তর্জাতিক প্রতিযোগিতায় চিত্রতে হলে শিক্ষার মানের ব্যাপারে আমরা কোনরকম কম্প্রমাইজ করতে পারি না। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষার উপযোগী পরিবেশ বজায় রাখার জন্য নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়কে ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষাদান পদ্ধতি ও শিক্ষার মান ইতিমধ্যে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত হয়েছে। এই সফলতার ধারা অব্যাহত রাখতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষা অর্জনের সুযোগকে কেন্দ্র বিশেষ শ্রেণীর মধ্যে আবদ্ধ করে রাখা উচিত হবে না।

শিক্ষামন্ত্রী ডঃ এসমান ফারুক, এই ভার্সিটির উপাচার্য ডঃ মোস্তাফিজুর রহমান ও বি এন কামাল উদ্দিন খান, কলেজ ডায়রেক্টর ডঃ মোস্তাফিজুর রহমান আলম, ডঃ জি. ডঃ হাফিজ জি এ সিদ্দিকী অনুষ্ঠানে বক্তব্য রাখেন। এছাড়া অনুষ্ঠানে মন্ত্রী, এমপি, বিশ্ববিদ্যালয়সমূহের ভিসি, প্রিন্সিপাল, ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।